গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়, সিলেট।
www.dncrp.sylhetdiv.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.৪০১.১৬.০০১.২০-১৬৭ তারিখ: ১৯/০৫/২০২২ খ্রি:।

**বিষয় :** "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা,২০১৭" এর আলোকে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এর অধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্তে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভার কার্যবিবরণী।

**সভাপতি :** মো: ফখরুল ইসলাম, উপপরিচালক, **সভার তারিখ, সময় ও স্থান :** ১৯/৫/২২, সকাল ১১:০০, উপপরিচালক এর অফিস কক্ষ।

**উপস্থিত সদস্যদের তালিকা ও স্বাক্ষর :**

| ক্রমিক | সদস্যদের নাম-পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মো: আমিরুল ইসলাম মাসুদ, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিলেট ও সদস্য | |
| ২ | জনাব শ্যামল পুরকায়স্থ, সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট ও সদস্য | |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি জানান যে, শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার শুদ্ধাচার পুরস্কার প্রদানের উদ্দেশ্যে "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা,২০১৭" প্রণয়ন করেছে। ইতিমধ্যে এ নীতিমালা শুদ্ধাচার চর্চায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এমতাবস্থায় এ দপ্তরের অধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে ভুমিকা রাখার ভিত্তিতে ও "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা,২০১৭" এর আলোকে এ দপ্তরের অধীন কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই করা যেতে পারে। অত:পর সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| **"শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা,২০১৭" এর আলোকে প্রাপ্ত সুযোগ** | **বাছাইয়ের নিমিত্ত পর্যালোচনা** | **সিদ্ধান্ত** |
|---|---|---|
| জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এ কর্মরত ৩-১০ গ্রেডভুক্ত কর্মচারীদের মধ্য হতে ০১ জন কর্মচারী | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এ ৩-১০ গ্রেডভুক্ত দুইজন কর্মকর্তা জনাব শ্যামল পুরকায়স্থ, সহকারী পরিচালক (মেট্রো) ও জনাব মো: সেলিম মিয়া, সহকারী পরিচালক কর্মরত আছেন। জনাব শ্যামল পুরকায়স্থ, সহকারী পরিচালক (মেট্রো) গত অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার পাওয়ায় এ বছর আর তাকে বিবেচনায় নেয়া যাচ্ছে না। অপরপক্ষে জনাব মো: সেলিম মিয়া, সহকারী পরিচালক কমিটির সদস্যগণ কর্তৃক প্রদত্ত সূচক নম্বরে ৮০ এর উপরে নম্বর পেয়েছেন। | "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা,২০১৭" এর আলোকে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এ কর্মরত ৩-১০ গ্রেডভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব মো: সেলিম মিয়া, সহকারী পরিচালককে পুরস্কার প্রদানের জন্য বাছাই করা হল। |
| জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এ কর্মরত ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের মধ্য হতে ০১ জন কর্মচারী | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এ ১১-২০ গ্রেডভুক্ত একজন কর্মচারী জনাব নুরুল আবছার, গাড়ীচালক কর্মরত আছেন। কমিটির সদস্যগণ কর্তৃক প্রদত্ত সূচক নম্বরে তিনি ৮০ এর উপরে নম্বর পেয়েছেন। | "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা,২০১৭" এর আলোকে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এ কর্মরত ১১-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব নুরুল আবছার, গাড়ীচালককে পুরস্কার প্রদানের জন্য বাছাই করা হল। |
| জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এর অধীন জেলা কার্যালয় সমূহের প্রধানদের মধ্য হতে ০১জন কর্মচারী | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এর অধীন জেলা কার্যালয় সমূহের মধ্যে হবিগঞ্জ জেলায় কর্মরত সহকারী পরিচালক জনাব দেবানন্দ সিনহা গত অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার পেয়েছেন। তিন বছর অতিক্রান্ত না হওয়ায় তাঁকে বিবেচনার বাইরে রাখা হল। কর্মরত অবশিষ্ট তিনজন কর্মকর্তার মধ্যে সুনামগঞ্জ জেলায় কর্মরত সহকারী পরিচালক জনাব মো: শফিকুল ইসলাম কমিটির সদস্যগণ কর্তৃক প্রদত্ত সূচক নম্বরে ৮০ এর উপরে সর্বোচ্চ নম্বর পেয়েছেন। | "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা,২০১৭" এর আলোকে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট এর অধীন কর্মরত জেলা কার্যালয় সমূহের প্রধানদের মধ্য হতে জনাব মো: শফিকুল ইসলাম, সহকারী পরিচালক, জেলা কার্যালয়, সুনামগঞ্জকে পুরস্কার প্রদানের জন্য বাছাই করা হল। |

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/৫/২০২২
(মো: ফখরুল ইসলাম)
উপপরিচালক
☏ ০২৯৯৬৬৪৩৪৬৫
ই-মেইলঃdd-sylhet@dncrp.gov.bd

**বিতরণ : সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে**

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
৩-৬. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৭-৮. সহকারী পরিচালক(মেট্রো)/সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।